# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৪৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফরয সালাতের আগে ও পরের নির্দিষ্ট কিছু সালাতের ব্যাপারে যত্নবান হওয়া মুস্তাহাব

## ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ الْمُوَاظَبَةُ عَلَى الرَّكَعَاتِ الْمَعْلُومَةِ مِنَ النَّوَافِلِ قَبْلَ الْفَرَائِضِ وَبَعْدَهَا

আরবী

2445 - أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ عَنْ يَزِيدَ بْنِ زُرَيْعٍ قَالَ: حَدَّثَنَا أَيُّوبُ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: صَلَّيْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَانَ يُصَلِّي رَكْعَتَيْنِ قَبْلَ الظُّهْرِ وَرَكْعَتَيْنِ بَعْدَهَا وَرَكْعَتَيْنِ بَعْدَ الْمَغْرِبِ وَرَكْعَتَيْنِ بَعْدَ الْعِشَاءِ الْآخِرَةِ.
وَأَخْبَرَتْنِي حَفْصَةُ أَنَّهُ كَانَ يُصَلِّي رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ حِينَ يُنَادِي الْمُنَادِي لِصَلَاةِ الصُّبْحِ وَكَانَتْ سَاعَةٌ لَا يَدْخُلُ عَلَيْهِ فيها أحد.
الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2445 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1138): ق.

বাংলা

২৪৪৫. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পিছনে সালাত আদায় করেছি। তিনি যোহরের আগে দুই রাকা‘আত, পরে দুই রাকা‘আত, মাগরিবের পরে দুই রাকা‘আত এবং ইশার সালাতের পর দুই রাকা‘আত সালাত আদায় করতেন।

আমাকে হাফসা রাদ্বিয়াল্লাহু আনহা জানিয়েছে, “যখন মুয়ায্যিন ফজরের সালাতের জন্য আযান দিতো, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হালকা দুই রাকা‘আত সালাত আদায় করতেন।” আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, “এটি এমন একটি সময়, যখন তাঁর কাছে কেউ প্রবেশ করতো না।”[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৮১১; মুসনাদ আহমাদ: ২/৬; সহীহ আল বুখারী: ১১৩০; তিরমিযী: ৪২৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১১৯৭; সুনান বাইহাকী: ২/৪৭১; বাগাবী: ৮৬৭; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৬৬; আবূ দাঊদ: ১২৫২; নাসাঈ: ২/১১৯; সহীহ মুসলিম: ৮৮২; আবূ আওয়ানা: ২/২৬৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১১৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91770

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন